

## সমকাল

### আইডিয়াল স্কুলে নিয়োগ বাণিজ্যের অভিযোগ অভিভাবক ফোরামের

১০ ঘণ্টা আগে

রাজধানীর মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজে শিক্ষক নিয়োগে অনিয়ম, দুর্নীতি ও নিয়োগ বাণিজ্যের অভিযোগ উঠেছে। আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ অভিভাবক ফোরাম এ অভিযোগ তুলেছে। গতকাল রোববার ফোরামের এক সভায় দুর্নীতির নানা অভিযোগ এনে বিদ্যালয়টিতে দুর্নীতি দমন কমিশনের (দুদক) তদন্ত দাবি করা হয়। ফোরামের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, এই প্রতিষ্ঠানে ৯ মার্চ ৫৫ জন শিক্ষক ও ছয়জন অফিস সহকারী নিয়োগ দেওয়া হয়। এতে ব্যাপক অনিয়ম ও দুর্নীতি হয়েছে। ছয় থেকে ১২ লাখ টাকা পর্যন্ত নিয়োগ বাণিজ্য, মৌখিক পরীক্ষায় নম্বর বেশি দেওয়াসহ নানা অভিযোগ উঠেছে।

এসবের পেছনে স্কুলটির অধ্যক্ষ সাহানারা বেগমকে দায়ী করে তদন্ত করার দাবি জানিয়েছে অভিভাবক ফোরাম। দাবি জানানো হয়েছে শিক্ষক নিয়োগ বাতিল করে ফের নিয়োগ পরীক্ষা নেওয়ার। এ ছাড়া অন্য দুর্নীতিবাজ শিক্ষক-কর্মচারীদের বিরুদ্ধে তদন্ত করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করা হয়।

সভায় সভাপতিত্ব করেন ফোরামের ভাইস চেয়ারম্যান ফাহিম উদ্দিন আহমেদ। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মো. রুস্তম আলী, আলমগীর হোসেন, শ্যামলী শিমু, সাহানা বেগম, মাহাবুবুর রহমান, কামরুল ইসলাম প্রমুখ।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com